খালেদা জিয়ার বিরুদ্ধে নাশকতার ১০ মামলা বাতিল

written by Chandradip News24 | October 30, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক :: বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে রাজধানীর দারুস সালাম, যাত্রাবাড়ীসহ বিভিন্ন থানায় দায়ের করা নাশকতার অভিযোগে ১০টি মামলা বাতিল করেছেন হাইকোর্ট।

আজ বুধবার (৩০ অক্টোবর) বিচারপতি এ কে এম আসাদুজ্জামান এবং বিচারপতি সৈয়দ এনায়েত হোসেনের হাইকোর্ট বেঞ্চ এই রায় প্রদান করেন।

হাইকোর্টে খালেদা জিয়ার পক্ষে শুনানি করেন আইনজীবী ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন এবং ব্যারিস্টার কায়সার কামাল। আদালতে উপস্থিত ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী জয়নুল আবেদীন, অ্যাডভোকেট গাজী কামরুল ইসলাম সজল, ব্যারিস্টার নাসির উদ্দিন অসীম, অ্যাডভোকেট জাকির হোসেন এবং অ্যাডভোকেট ছিদ্দিক উল্লাহ মিয়া।

এর আগে, একই আদালত মহান মুক্তিযুদ্ধে শহীদের সংখ্যা নিয়ে মন্তব্যকে কেন্দ্র করে খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা রাষ্ট্রদ্রোহ মামলাও বাতিল করেছিল।

এই সিদ্ধান্ত রাজনৈতিক মহলে আলোচনার সৃষ্টি করেছে, এবং বিএনপির পক্ষ থেকে খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা মামলার বাতিলকে স্বাগত জানানো হয়েছে।